গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বগুড়া
https://food.bogra.gov.bd

স্মারক নং-১৩.০১.১০০০.০০৩.৩৯.০০১.২৩.৭২২৫ তারিখঃ ০৭/১২/২০২৩ খ্রি.

# দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বগুড়া জেলাধীন সান্তাহার সাইলো, সান্তাহার সিএসডি ও বিভিন্ন এলএসডি এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে মজুদকৃত অকেজো মালামাল (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) বিক্রয়ের জন্য সীলমোহরকৃত খামে নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে আগ্রহী ক্রেতাগণের নিকট হতে সংযুক্ত তালিকা অনুযায়ী দরপত্র আহ্বান করা যাচ্ছে। "দরপত্র সিডিউল" আগামী ২১/১২/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালিন সময়ে জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বগুড়া হতে সংগ্রহ করা যাবে। "দরপত্র" জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া ও সদস্য সচিব, জেলা অকেজো মালামাল নিষ্পত্তি কমিটি (খাদ্য), বগুড়া বরাবরে দাখিল করতে হবে। আগামী ২৪/১২/২০২৩ খ্রি. তারিখ সকাল ১০.০০ টা হতে দুপুর ০১.০০ টা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বগুড়ায় দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে। দরপত্র গ্রহণ শেষে ঐ দিনই বিকাল ৩.০০ টায় জেলা দরপত্র উন্মুক্তকরণ কমিটি (খাদ্য) কর্তৃক সংশ্লিষ্ট দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

## দরপত্র দাখিলের শর্তাবলীঃ-

১। দরপত্র দাতাগণ যে কোন দিন অফিস চলাকালীন সময়ে ব্যক্তিগতভাবে সংশ্লিষ্ট কেন্দ্রের কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে বিজ্ঞপ্তিকৃত মালামাল দেখতে পারবেন।

২। দরপত্র দাতাগণকে নিজস্ব প্যাডে দরপত্র দাখিল করতে হবে।

৩। দরপত্র দাতাকে প্রত্যেকটি স্থাপনার বিপরীতে উল্লেখিত প্রতিটি মালামালের জন্য একক দর ও মূল্য উল্লেখপূর্বক জেলার সকল কেন্দ্রের মালামালের সর্বমোট মূল্য উল্লেখ করতে হবে। কোন এক বা একাধিক কেন্দ্র কিংবা মালামালের আংশিক দরপত্র গ্রহণযোগ্য হবে না।

৪। দরপত্রের খামের উপর "বগুড়া জেলার সকল সংশ্লিষ্ট স্থাপনার অকেজো মালামালের দরপত্র" কথাটি উল্লেখ করতে হবে।

৫। দরপত্রে প্রদত্ত দর অংক ও কথায় স্পষ্টভাবে লিখতে হবে। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি বা উপরি লিখন গ্রহণযোগ্য হবে না।

৬। দরপত্র দাতা প্রতিসেট দরপত্র সিডিউল ক্রয়ের মূল্য বাবদ ১,০০০/- (এক হাজার মাত্র) টাকা বাংলাদেশ ব্যাংক/সোনালী/অগ্রণী/জনতা/রূপালী ব্যাংকসহ যে কোনো তফসীলভুক্ত ব্যাংক এর শাখায় ১৪৮০২০১-১৩০২২০-১৪২২৩২৮ নম্বর কোডে Automated Challan System (এ-চালান) এর মাধ্যমে জমা দিতে হবে। উক্ত চালানের কপি জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া দপ্তরের হিসাব শাখায় জমা দিয়ে ২১/১২/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে দরপত্র সিডিউল ক্রয় করতে পারবেন।

৭। দরপত্রে দরপত্র দাতার পূর্ণ নাম, ঠিকানা, স্বাক্ষর ও তারিখ স্পষ্টভাবে লিখতে হবে।

৮। দরপত্র দাতাকে ফেরতযোগ্য জামানত হিসেবে তার প্রদত্ত প্রস্তাবিত দরের ৫% হারে বাংলাদেশের যে কোন তফশীলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া'র অনুকূলে ক্রয় করে দরপত্র সিডিউলের সাথে দাখিল করতে হবে।

৯। দরপত্র দাতাকে দরপত্রে ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার নং, ব্যাংকের নাম ও শাখার নাম উল্লেখ করতে হবে।

১০। প্রথম সর্বোচ্চ দরপত্র দাতা ব্যতিত অন্যান্য অকৃতকার্য দরপত্র দাতাগণের জামানত অকেজো মালামাল নিষ্পত্তি কার্যক্রম সমাপ্ত হওয়ার পর ফেরত দেয়া হবে।

১১। দরপত্র কমিটি কর্তৃক দর গ্রহণের পর কৃতকার্য দরপত্র দাতার নামে অত্র দপ্তর কর্তৃক কার্যাদেশ জারী করা হবে। কার্যাদেশ জারীর ১৫ (পনের) দিনের মধ্যে (পত্র ইস্যুর তারিখ হতে) অকেজো মালামালের মোট মূল্যের উপর অগ্রিম হিসেবে ৩% হারে আয়কর এবং ৭.৫% হারে ভ্যাটসহ সমুদয় মালামালের মূল্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া সদর এর দপ্তর হতে চালান পাশ করিয়ে সরকারী সংশ্লিষ্ট খাতে জমা দিয়ে বিলি আদেশ (ডিও) গ্রহণ করে সংশ্লিষ্ট এলএসডি/সিএসডি/সাইলো/জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় হতে মালামাল উত্তোলন করতে হবে। নির্দিষ্ট মেয়াদের মধ্যে মালামাল উত্তোলনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট দরপত্র দাতার দাখিলকৃত জামানত বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা করা হবে।

১২। দরপত্র বিজ্ঞপ্তির কোন শর্ত/শর্তাবলী ভংগ করা হলে সংশ্লিষ্ট দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩। দরপত্র কমিটি প্রয়োজনবোধে দরপত্র গ্রহণের তারিখ ও সময় পরিবর্তন করতে পারবেন।

১৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংগ্রাহক সত্ত্বা এ নোটিশ বাতিল বা পরিবর্তন বা সকল দরপত্র গ্রহণ/প্রত্যাখান/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বা:-

(কাজী সাইফুদ্দিন)
জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া
ও
সদস্য সচিব
জেলা অকেজো মালামাল নিষ্পত্তি কমিটি (খাদ্য), বগুড়া

স্মারক নং-১৩.০১.১০০০.০০৩.৩৯.০০১.২৩.৭২২৫ তারিখঃ ০৭/১২/২০২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ/বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা
২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
৩। পরিচালক, (সকল)................................................ খাদ্য অধিদপ্তর, ঢাকা
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, (সকল)............................
৫। জেলা প্রশাসক, বগুড়া
৬। পুলিশ সুপার, বগুড়া
৭। সাইলো অধীক্ষক (সকল) .............................. সাইলো, ............................
৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বগুড়া
৯। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)...........................
১০। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বিজ্ঞাপনটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো
১১। জনাব খালিদ বিন মনসুর, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া ও সদস্য, জেলা অকেজো মালামাল নিষ্পত্তি কমিটি (খাদ্য), বগুড়া
১২। জনাব মোঃ মোকছেদুল ইসলাম, সহকারী প্রকৌশলী (সিভিল-২), গণপূর্ত বিভাগ, বগুড়া ও সদস্য, জেলা অকেজো মালামাল নিষ্পত্তি কমিটি (খাদ্য), বগুড়া
১৩। জনাব মোঃ মনিরুল হক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া সদর ও সহকারী খাদ্য নিয়ন্ত্রক (অঃ দাঃ), বগুড়া ও সদস্য সচিব, জেলা অকেজো মালামাল নিষ্পত্তি কমিটি (খাদ্য), বগুড়া
১৪। চলাচল সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম/খুলনা
১৫। ব্যবস্থাপক (সকল), ...................... সিএসডি, .....................
১৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, (কারিগরী/সকল)............................ বগুড়া
১৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সকল)........................... বগুড়া
১৮। হিসাব শাখা/আইসিটি শাখা, অত্র দপ্তর। বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশের জন্য বলা হলো
১৯। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের দপ্তর, বগুড়া
২০। নোটিশ বোর্ড, অত্র দপ্তর
২১। সংরক্ষণ নথি।

সংযুক্তঃ .....................................পাতা।

০৭.১২.২০২৩

(কাজী সাইফুদ্দিন)
জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া
ও
সদস্য সচিব
জেলা অকেজো মালামাল নিষ্পত্তি কমিটি (খাদ্য), বগুড়া

০৭/১২/২৩